

দেশে বন্যায় ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়িয়েছে ব্র্যাক ইউনিভার্সিটি। বন্যার্তদের সহায়তা হিসেবে ‘ব্র্যাক ইমার্জেন্সি ফ্লাড অ্যাসিসটেন্স ফান্ডে’ ৬৫ লাখ টাকা প্রদান করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

ব্র্যাকের অ্যাডভোকেসি ফর সোশ্যাল চেঞ্জ অ্যান্ড টেকনোলজি বিভাগের সিনিয়র ডিরেক্টর কেএএম মোর্শেদের হাতে অনুদানের চেক তুলে দেন ব্র্যাক ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ভিনসেন্ট চ্যাং।

বন্যা দুর্গতদের জন্য ব্র্যাক ইউনিভার্সিটির শিক্ষক-কর্মকর্তারা একদিনের বেতনের সমপরিমাণ অর্থ এবং বিশ্ববিদ্যালয়ের তহবিল থেকে সমপরিমাণ অর্থ অনুদান হিসেবে দেওয়া হয়েছে। বন্যার শুরু থেকে ব্র্যাক স্থানীয় সরকারের সঙ্গে ক্ষতিগ্রস্তদের সহায়তায় কাজ করেছে।

বন্যাদুর্গতদের পাশে দাঁড়ানোর এই অনুদান কর্মসূচির উদ্যোগ গ্রহণ করেছেন ব্র্যাক ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ভিনসেন্ট চ্যাং। তিনি বলেন, ‘করোনা মহামারীর মধ্যে এই বন্যা মানবিক সংকট ভয়াবহ করে তুলতে পারে। আসুন, এই সময়ে দুর্গতদের সহায়তায় ঐক্যবদ্ধ হই।’ সংবাদ বিজ্ঞপ্তি